তারিখ 19 JAN 2016
পৃষ্ঠা 5 কলাম 4

সমকাল

# বেসরকারি শিক্ষক কর্মচারীদের মানববন্ধন

**অষ্টম জাতীয় বেতন স্কেল কার্যকরের দাবি**

■ সমকাল ডেস্ক

অষ্টম জাতীয় বেতন স্কেল কার্যকর ও শিক্ষানীতি বাস্তবায়নসহ বিভিন্ন দাবিতে সোমবার বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। এ সময় তারা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন। প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর:

**ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)** : বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি ঈশ্বরগঞ্জ শাখা মানববন্ধন শেষে ইউএনওর মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়।

**ফুলবাড়িয়া (ময়মনসিংহ)** : ফুলরা চত্বরে মানববন্ধনে বক্তব্য রাখেন, সমিতির সভাপতি প্রধান শিক্ষক আ. হাই, সাধারণ সম্পাদক মো. শামছুল হক, আবদুল মগনী প্রমুখ।

**করিমগঞ্জ (কিশোরগঞ্জ)** : উপজেলা পরিষদ চত্বরে শিক্ষক সমাবেশে বক্তৃতা করেন, সংগঠনের সভাপতি আবু বাক্কার ছিদ্দিক, সাধারণ সম্পাদক শামছুজ্জামান আকন্দ, শিক্ষক নেতা মতিউর রহমান, কবির উদ্দিন মিস্কী, ছাইদুর রহমান প্রমুখ।

**কুলিয়ারচর (কিশোরগঞ্জ)** : কুলিয়ারচর বাজারে অনুষ্ঠিত মানববন্ধনে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকদের মধ্যে শাহ মো. ফজলুল হক, আবদুল কাদির প্রমুখ উপস্থিত ছিলেন।

**মধুপুর (টাঙ্গাইল)** : শিক্ষক সমিতি ধনবাড়ী উপজেলা শাখার সভাপতি মীর মো. আশরাফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মো. হাবিব উদ্দিন, মো. আবদুল মান্নান প্রমুখ।

**মদন (নেত্রকোনা)** : ইউএনও কার্যালয়ের সামনে উপজেলা শিক্ষক কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি আয়শা আক্তারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম (খোকন), অধ্যক্ষ সামছুল আলম, শিক্ষক শহীদুল ইসলাম প্রমুখ।

**তিতাস (কুমিল্লা)** : শিক্ষক সমিতি তিতাস উপজেলা শাখার সভাপতি প্রধান শিক্ষক মো. আলাউদ্দিন ভূঁইয়ার সভাপতিত্বে বক্তব্য রাখেন শিক্ষক মো. রেজাউল হক, মো. গিয়াস উদ্দিন প্রমুখ।

**হোসেনপুর (কিশোরগঞ্জ)** : কিশোরগঞ্জ জেলা শিক্ষক সমিতির অর্থ সম্পাদক প্রদীপ কুমার সরকার, উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মনজুর আহমদ, শিক্ষক নেতা জাকারিয়া চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

**সখীপুর (টাঙ্গাইল)** : সমাবেশে উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি শহীদুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন অধ্যক্ষ রেনুবর রহমান, অধ্যক্ষ খলিলুর রহমান তালুকদার, প্রধান শিক্ষক মতিউর রহমান ভূঁইয়া প্রমুখ।

**দেলদুয়ার (টাঙ্গাইল)** : ইউএনওর কাছে স্মারকলিপি প্রদান শেষে শিক্ষক সমিতির দেলদুয়ার উপজেলা অফিস মিলনায়তনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি আবদুর রহমান খান, শহিদুর রহমান প্রমুখ।

**মুক্তাগাছা (ময়মনসিংহ)** : মানববন্ধন কর্মসূচিতে অংশ নেন উপজেলা শিক্ষক সমিতির সভাপতি আমজাদ হোসেন তালুকদার, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, প্রধান শিক্ষক নজরুল ইসলাম প্রমুখ।